

ফাতওয়া নান্বার: ৪১১

প্রকাশকাল: ০২-১০-২০২৩ ইং

## গুগল এ্যাডসেন্সসহ ওয়েবসাইট বিক্রি করার বিধান

### প্রশ্ন:

আমি অনেক আগে একটি ব্লগ ওয়েব সাইট তৈরি করেছিলাম। বর্তমানে সেটিতে এ্যাডসেন্স অ্যাপ্রভ আছে এবং সেটিতে বিজ্ঞাপনের মাধ্যমে আয় হয়। কিন্তু ওয়েব সাইটে নাকি বিজ্ঞাপন দেখিয়ে আয় করা হারাম, যদিও আমি সেনসিটিভ এ্যাড ক্যাটাগরিগুলো ব্লক করে দিয়েছি। কিন্তু তবুও একটি সন্দেহ থেকেই যায়। এমতাবস্থায় আমি আমার ওয়েবসাইট এবং এ্যাডসেন্স একাউন্ট বিক্রি করে দিতে চাচ্ছি। সাইটটি ডিজাইন করতে অনেক টাকা খরচ হয়েছে, নিজেরও কিছুটা পরিশ্রম হয়েছে। এখন ওয়েব সাইট বিক্রি করলে, যিনি কিনে নেবেন তাঁর কাছেও বিজ্ঞাপন দেখাবে, যদি তিনি বিজ্ঞাপন চালু করে রাখেন। এখন আমার জানার বিষয় হলো, আমি হারাম থেকে নিজেকে বাঁচানোর জন্য ওয়েব সাইটটি বিক্রি করে দিতে চাচ্ছি। কিন্তু ওয়েব সাইট বিক্রির টাকা কি আমার জন্য হালাল হবে?

-আতিকুর ইসলাম

### উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله وسلام على عباده الذين اصطفى، أما بعد.

গুগল এ্যাডসেন্স একাউন্টটি বিক্রি করা যাবে না। কারণ আমাদের জানা মতে গুগল এ্যাডসেন্সে যদিও কিছু এ্যাড ক্যাটাগরি ব্লক করে রাখা যায়, কিন্তু তাতে নাজায়েয এ্যাড পরিপূর্ণরূপে বন্ধ করা যায় না। ফলে

আপনার একাউন্টে জায়েয এ্যাডের পাশাপাশি নাজায়েয এ্যাড প্রদর্শনের বিনিময়ও জমা হয়, যা হারাম। আর যে বস্তুর বৈধ ব্যবহারের অবকাশ নেই, সেটি অন্যের কাছে বিক্রি করাও অনুমোদিত নয়।

আরও জানতে দেখুন ফাতওয়া- [৯২ ইউটিউব থেকে অর্থ উপার্জনের হুকুম কি?](#)

ওয়েব সাইটটি যদি নারীর ছবি, বাদ্য ইত্যাদির মতো যেকোনো নাজায়েয ও হারাম বিষয় থেকে মুক্ত হয়, তাহলে তা বিক্রি করা জায়েয হবে। তবে এমন ব্যক্তির কাছে বিক্রি করা যাবে না, যার সম্পর্কে জানা আছে যে, তিনি তা নাজায়েয কাজে ব্যবহার করবেন। একইভাবে ওয়েব সাইটের ডিজাইনে যদি নাজায়েয ও হারাম কোনো বিষয় যুক্ত থাকে, তাহলেও তা বিক্রি করা যাবে না।-ফাতাওয়া কাজীখান, দারুল ফিকর: ২/১৭২; হিদায়া, দারুল কুতুবিল ইলমিয়া: ১০/৭০

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

১৯-০২-১৪৪৫ হি.

০৫-০৯-২০২৩ ঈ.

